**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন জৈব পদ্ধতিতে চাষের ক্ষেত্রে ত্রিপুরা উল্লেখযোগ্য অগ্রগতি ঘটিয়েছে।**

**(২) উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ মোহনপুর মহকুমার বড়কাঁঠালে নবনির্মিত সিদ্ধেশ্বরী মন্দিরের উদ্বোধন করেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, প্রধানমন্ত্রী সূর্য ঘর - মুফত বিজলি যোজনায় ভারতের প্রতিটি পরিবার বিদ্যুৎ উৎপাদনকারী হয়ে উঠছে।**

**(৪) আজ দেশের বিভিন্ন স্থানে ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে মহানবী হজরত মোহম্মদের জন্মদিন ঈদে মিলাদ-উন-নবী পালিত হচ্ছে।**

*******************************************

**Governor:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন জৈব পদ্ধতিতে চাষের ক্ষেত্রে ত্রিপুরা উল্লেখযোগ্য অগ্রগতি ঘটিয়েছে। পরিবেশবান্ধব চাষের পরিবেশ সৃষ্টির ক্ষেত্রে ত্রিপুরা যে চমকপ্রদ সাফল্য দেখিয়েছে তা খুব প্রশংসার দাবি রাখে। আজ সকালে আগরতলা প্রেস ক্লাবে ইন্দ্রজিৎ চক্রবর্তীর লেখা 'ত্রিপুরার মাটির উর্বরতা,

পরীক্ষা, ফসল, চাষবাস ও গবেষণা' শীর্ষক পুস্তকটির আবরণ উন্মোচন করে রাজ্যপাল একথা বলেন। তিনি বলেন, সমাজ জীবনে এবং ভারতীয় অর্থনীতিতে কৃষির গুরুত্ব উপলব্ধি করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কৃষকদের অবস্থার উন্নয়নের উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। কৃষকরা চাষের ক্ষেত্রে যেসমস্ত সমস্যার সম্মুখীন হন সেগুলি দূর করার লক্ষ্যে বিভিন্ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। আধুনিক প্রযুক্তি কাজে লাগিয়ে বিভিন্ন ক্ষেত্রে উৎপাদন আরও বাড়ানোর জন্য এগিয়ে আসতে রাজ্যপাল রাজ্যের কৃষকগণের প্রতি আহ্বান জানিয়েছেন। ত্রিপুরার বিভিন্ন জায়গার মাটিতে কি কি ফসল বেশী করে উৎপাদন করা যায় তা এই বইটি পড়ে কৃষকগণ ভালভাবে উপলব্ধি করতে পারবেন বলে রাজ্যপাল আশা প্রকাশ করেন। অনুষ্ঠান আইসিএআর রিসার্চ কমপ্লেক্সের প্রধান ড. বি ইউ চৌধুরী বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য।

*********************

**Siddheswari Temple:**

উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আজ মোহনপুর মহকুমার বড়কাঁঠালে নবনির্মিত সিদ্ধেশ্বরী মন্দিরের উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে শ্রী আদিত্যনাথ বলেন, সনাতন ধর্ম সকল ধর্মের প্রতি সম্মান প্রদর্শন করতে শেখায়। সনাতন ধর্মাবলম্বীদের অন্য ধর্মের প্রতি শ্রদ্ধা রেখেই নিজ ধর্মকে সুরক্ষিত রাখতে হবে। ত্রিপুরার রাজা মহারাজারাও ধর্ম সুরক্ষার বিষয়ে যথেষ্ট চিন্তাশীল ছিলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সংকল্প ও দূরদর্শী নেতৃত্বের কারণে দেশ আজ উন্নতির পথে এগিয়ে চলছে। ত্রিপুরায়ও বর্তমানে রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টায় সৌহাদ্যপূর্ণ ও শান্তিপূর্ণ পরিবেশ তৈরী হয়েছে। একে বজায় রাখার জন্য ত্রিপুরা সরকারের প্রতি জনগণকে সহযোগিতার হাতও বাড়িয়ে দিতে হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা:) মানিক সাহা বলেন, ভগবানের প্রতি আস্থা ও বিশ্বাস রাখতে হবে। ত্রিপুরাসুন্দরী মন্দির, চৌদ্দ দেবতা মন্দির, কসবা মন্দিরের মত আগামী দিনে এই সিদ্ধেশ্বরী মন্দিরটিও একটি ধর্মীয় পর্যটনকেন্দ্র হিসেবে পরিচিতি লাভ করবে।

তিনি বলেন, শান্তিকালির ঐশ্বরিক আশীর্বাদ ও চিত্তরঞ্জন মহারাজের ঐকান্তিক প্রচেষ্টার ফলেই এই মন্দির স্থাপনা সম্ভব হয়েছে। চিত্তরঞ্জন মহারাজের পরিচালনায় রাজ্যে ২৫টা আশ্রম রয়েছে। যেখানে প্রায় দেড় হাজার শিক্ষার্থী আধ্যাত্মিক বিষয়ে পড়াশুনা করছে। এই আশ্রমগুলি থেকে পড়াশুনা করে বহু শিক্ষার্থী উচ্চশিক্ষাও লাভ করেছে। অনুষ্ঠানে এডিসি সদস্য প্রদ্যোত বিক্রম মাণিক্য বলেন, সকল ধর্মের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হচ্ছে রাজ্যের একটি পরম্পরাগত ঐতিহ্য। ত্রিপুরার রাজা মহারাজাগণও সব ধর্মের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ব হিন্দু পরিষদের কেন্দ্রীয় সহমন্ত্রী ড. শচীন্দ্রনাথ সিনহা, পদ্মশ্রী শান্তিরঞ্জন মহারাজ এবং মোহন্ত গয়ামনি মহারাজ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, সাংসদ বিপ্লব কুমার দেব ও রাজীব ভট্টাচার্য।

*********************

**Agriculture Loss:**

সাম্প্রতিক বন্যায় রাজ্যে কৃষি ও উদ্যান চর্চা দপ্তর কৃষকদের ক্ষয়ক্ষতির পরিমান চূড়ান্ত করেছে । দুই বিভাগ মিলিয়ে প্রায় ১ হাজার ৮০০ কোটি টাকার ক্ষতি হয়েছে । কৃষি সচিব অপূর্ব রায় আজ আগরতলা প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ক্ষয়ক্ষতির হিসাব উল্লেখ করেন। তিনি জানান, কৃষি বিভাগ যে ক্ষয়ক্ষতি নিরুপন করেছে, তাতে কৃষি বিভাগের হিসাব অনুযায়ী ১৯শে আগস্ট থেকে ২২ শে আগস্ট পর্যন্ত অতি বর্ষনের ফলে সৃস্ট বন্যায় ২ লক্ষ ১৫ হাজার ৭৩২ জন কৃষকের ৯০ হাজার

৪১১ হেক্টর জমি ও ফসল নস্ট হয়েছে । ক্ষতির পরিমান ১ হাজার ২৮৪ কোটি ৯৩ লক্ষ টাকা । অন্যদিকে, উদ্যান চর্চা বিভাগের হিসাব অনুযায়ী মোট ৬১ হাজার ১৪৮ জন কৃষকের ১২ হাজার ৭৯৫ হেক্টর জমি ও ফসল নস্ট হয়েছে । এক্ষেত্রে ক্ষয়ক্ষতির পরিমান ৭ শ ৮২ কোটি ৪০ লক্ষ ৮ হাজার টাকা । কৃষি সচিব জানান, কৃষক কল্যাণ দপ্তর, এই হিসাবে রাজ্য সরকারের রাজস্ব দপ্তরের কাছে সর্বমোট ১২৮ কোটি ৮০ লক্ষ ৪৩ হাজার টাকার সহায়তার প্রস্তাব পেশ করেছে । ইতিমধ্যে রাজ্য সরকার কৃষি দপ্তরকে ২০ কোটি টাকার অন্তর্বর্তী কালীন সহায়তা দিয়েছে । তিনি জানান, কৃষি ও উদ্যান চর্চা বিভাগ আর্থিক অনুদান, কৃষি সরঞ্জাম, বীজ ইত্যাদির মাধ্যমে কৃষকদের নানা ভাবে সহায়তা দিচ্ছে। উৎপাদনের ঘাটতি মেটাতে হাইব্রিড ধান চাষেরও উদ্যোগ নেওয়া হয়েছে বলে তিনি জানান। বন্যায় কৃষিতে রাজ্যের দক্ষিন, গোমতী ও সিপাহীজলা জেলায় সর্বাধিক ক্ষয়ক্ষতি হয়েছে বলে তিনি জানান । সাংবাদিক সম্মেলনে উদ্যান চর্চা বিভাগের অধিকর্তা ড: ফণীভূষন জমাতিয়া সহ অন্যান্য অধিকারিকরা উপস্থিত ছিলেন ।

*********************

**Sonamura Press Club Health camp:**

সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার মোহনভোগ ব্লকের অধীন তেলকাজলা কমিউনিটি হলে আজ এক মেগা স্বাস্থ্য শিবির। অনুষ্ঠিত এই শিবিরে ত্রিপুরা মেডিক্যাল কলেজ, তেলকাজলা গ্রাম পঞ্চায়েত ও সোনামুড়া প্রেস ক্লাবের যৌথ উদ্যোগে আয়োজিত এই স্বাস্থ্য শিবিরে এলাকার প্রায় ৩ শতাধিক মানুষ স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করেন। ত্রিপুরা মেডিক্যাল কলেজ হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকরা রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করেন এবং রোগীদের বিনামূল্যে ঔষধ দেয়া হয়। বন্যা দুর্গত এই এলাকাটির বহু মানুষ বন্যা পরবর্তী পরিস্থিতিতে হাতের কাছে এই পরিষেবা পেয়ে খুবই খুশি। প্রেস ক্লাবের তরফ থেকে স্বাস্থ্য

শিবিরে স্বাস্থ্য পরীক্ষা করতে আসা রোগীদের ফল, দুধ সহ পুষ্টিকর খাবার প্রদান করা হয়। স্থানীয় তেলকাজলা পঞ্চায়েতের প্রধান, উপ-প্রধান সহ মোহনভোগ ব্লকের বি.ডি.ও শ্রীকান্ত চক্রবর্তী, সোনামুড়া প্রেস ক্লাবের সভাপতি বিপ্লব চক্রবর্তী, সম্পাদক, অভিজিৎ বর্ধন, সিপাহীজলা জেলা প্রেস ক্লাবের সভাপতি দেবাশীষ দত্ত, সোনামুড়ার বরিষ্ঠ সাংবাদিক স্বপন চক্রবর্তী প্রমুখ স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন ।

*********************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, প্রধানমন্ত্রী সূর্য ঘর - মুফত বিজলি যোজনায় ভারতের প্রতিটি পরিবার বিদ্যুৎ উৎপাদনকারী হয়ে উঠছে। উল্লেখযোগ্যভাবে, এখনও পর্যন্ত ১ কোটি ৩০ লক্ষেরও বেশি পরিবার এই প্রকল্পের অধীনে নিবন্ধিত হয়েছে।" আজ গুজরাটের গান্ধীনগরের মহাত্মা মন্দিরে চতুর্থ গ্লোবাল রিনিউয়েবল এনার্জি ইনভেস্টরস মিট অ্যান্ড এক্সপোতে উদ্বোধনী ভাষণে প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, ভারতে নবায়নযোগ্য শক্তির চাহিদা ক্রমাগত বাড়ছে। এখন "এক পেড় মাকে নাম" কর্মসূচিতে মানুষ গাছ লাগাচ্ছেন। এর ফলে "সবুজায়ন এখন জনগণের আন্দোলনে পরিণত হচ্ছে।

*********************

**Milad-Un-Nabi:**

আজ দেশের বিভিন্ন স্থানে ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে মহানবী হজরত মোহম্মদের জন্মদিন ঈদে মিলাদ-উন-নবী পালিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মিলাদ উন নবী উপলক্ষে জনগণকে বিশেষ করে মুসলিম সম্প্রদায়কে শুভেচ্ছা জানিয়েছেন।

রাষ্ট্রপতি তাঁর বার্তায় বলেন, নবী প্রেম ও ভ্রাতৃত্ববোধকে শক্তিশালী করতে সবাইকে অনুপ্রাণিত করেছেন এবং সমাজে সাম্য ও

সম্প্রীতির ওপর জোর দিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, নবী মানুষকে অন্যের প্রতি সহানুভূতিশীল হতে এবং মানবতার সেবা করতে উৎসাহিত করেছেন। রাষ্ট্রপতি পবিত্র কোরানের শিক্ষা গ্রহণ করে এবং একটি শান্তিপূর্ণ সমাজ গঠনে সংকল্পবদ্ধ হওয়ার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

প্রধানমন্ত্রী তাঁর বার্তায় আশা প্রকাশ করেছেন যে সর্বদা সম্প্রীতি এবং ঐক্য বিরাজ করবে এবং চারদিকে আনন্দ ও সমৃদ্ধি থাকবে।

*********************

**Milad, State:**

নবী হযরত মুহাম্মদ এর জন্মদিন, মিলাদ উন নবী উপলক্ষে আজ সকালে আগরতলায় ইন্দ্রনগর গাউছিয়া সমিতির উদ্যোগে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। ইন্দ্রনগর গাউছিয়া সমিতির মসজিদ প্রাঙ্গণ থেকে এই মিছিল বের হয়ে আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

*********************

**Fateha Dohaj Daham/KAILASHAHAR:**

ঊনকোটি জেলা সদর এই উপলক্ষে কৈলাশহরের বিভিন্ন স্থান থেকে সুসজ্জিত শোভাযাত্রা সমবেত হয় স্থানীয় টিলাবাজার মাদ্রাসা মাঠে।

সেখানে পয়গম্বর হজরত মহম্মদের জীবন ও কর্মধারা নিয়ে বিশিষ্টজনেরা আলোচনা করেন। পরে সম্মিলিত শোভাযাত্রা আসে কৈলাশহর বাজার জামে মসজিদ প্রাঙ্গনে। এখানে বিশ্বশান্তি ও সৌভ্রাতৃত্ব কামনায় বিশেষ প্রার্থনা করা হয়।

*********************

**Blood donation camp:**

আগরতলার উত্তর বাধারঘাট স্থিত উন্নয়ন সংঘের ৭২ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আজ এক স্বেচ্ছা রক্ত দান শিবিরের আয়োজন

করা হয়। শিবিরের উদ্বোধন করেন আগরতলা পুরনিগমের সাউথ জোনের চেয়ারম্যান অভিজিৎ মল্লিক। উপস্থিত ছিলেন নিগমের কর্পোরেটর সম্পা সরকার চৌধুরী ও অলক রায়, মার্ক ফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা, শহর দক্ষিণাঞ্চল ক্লাব ফোরামের সভাপতি জয়ন্ত চৌধুরী, ক্লাব সভাপতি প্রণব সাহা সহ অন্যান্যরা। একইসঙ্গে ক্লাব প্রাঙ্গণে শিশুদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতারও আয়োজন করা হয়। প্রতিযোগিতায় ১০০ জন শিশু অংশগ্রহণ করে। শিবিরে মোট ২১ জন স্বেচ্ছায় রক্ত দান করেন।

*********************

**Financial assistance to Jum farmers:**

জোলাইবাড়ি কৃষি মহকুমার কৃষি তত্বাবধায়ক শ্রীদাম দাস জানিয়েছেন জোলাইবাড়ি কৃষি মহকুমা এলাকায় সাম্প্রতিক বন্যা ও ভূমিধ্বসে ক্ষতিগ্রস্ত ৭,৭০৯ জন  ধানচাষী ও জুমচাষীকে ক্ষতিপূরণ দেবার কাজ শুরু হয়েছে। জনপ্রতি এক হাজার টাকা করে এই সহায়তা দেয়া হচ্ছে।

*********************

**Water Week:**

আগামীকাল থেকে নতুনদিল্লিতে অষ্টম ভারত জল সপ্তাহ ২০২৪ উদযাপন শুরু হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভারত মণ্ডপমে অনুষ্ঠানের উদ্বোধন করবেন। চার দিনব্যাপী অনুষ্ঠানে ৪০টি দেশের দুই শতাধিক বিদেশি প্রতিনিধিসহ প্রায় চার হাজার প্রতিনিধি অংশ নেবেন। প্রদর্শনী চলাকালীন জল ক্ষেত্রে শতাধিক প্রদর্শক এবং স্টার্টআপ তাদের আইডিয়া প্রদর্শন করবে।

জলশক্তি মন্ত্রকের সচিব, দেবশ্রী মুখার্জি আজ নতুনদিল্লিতে সাংবাদিক সম্মেলনে জানান, ভাল জল ব্যবস্থাপনা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করবে। তিনি বলেন, এই সম্মেলন বিশ্বব্যাপী জল সম্পদের ক্ষেত্রে বৈশ্বিক পর্যায়ের সিদ্ধান্ত

গ্রহণকারী, গবেষক, বিশেষজ্ঞ, উদ্ভাবক এবং অংশীদারদের ধারণা ও মতামত প্রকাশের জন্য একটি বৈশ্বিক প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। তিনি বলেন, এই অনুষ্ঠানের বিষয় হল– অন্তর্ভুক্তিমূলক জল উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য অংশীদারিত্ব এবং সহযোগিতা।

*********************

**VISWA KARMA PUJA :**

আগামীকাল দেবশিল্পী বিশ্বকর্মা পূজা । কুশলতা, দক্ষতা, সমৃদ্ধির কামনায় বিভিন্ন কলকারখানা, শিল্প প্রতিষ্ঠানে এই পূজার আয়োজন করা হয়। আগরতলার বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে, কারিগরী দোকানে, কারখানায় বিশ্বকর্মা পূজার আয়োজন উপলক্ষে ব্যস্ততা এখন তুঙ্গে । আগরতলার বিভিন্ন কুমার পাড়া থেকে মূর্তি প্যান্ডেলে প্যান্ডেলে পৌঁছে যাচ্ছে। ঢাক ঢোলের আওয়াজে মুখরিত পথ ঘাট। বিশ্বকর্মা পূজা উপলক্ষে শহরে উৎসবের পরিবেশ তৈরী হয়েছে । আকাশবাণী আগরতলার কর্মীবৃন্দ রানীরবাজার বৃদ্ধি নগরের ট্রান্সমিশন কেন্দ্রে বিশ্ব কর্মা পূজার আয়োজন করেছেন ।

*********************

**Chandra Smriti Leage:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ ফরোয়ার্ড ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ফরোয়ার্ড ক্লাব ৫–৩ গোলে ত্রিবেণী সংঘকে পরাজিত করে।

*********************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।

**********************

**********************